

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৫৭৯

কুমারঘাট, ১৬, জানুয়ারি, ২০২৪

১৯ জানুয়ারি কুমারঘাট মহকুমায় কক্ষবরক দিবস

কুমারঘাট মহকুমায় আগামী ১৯ জানুয়ারি উদযাপিত হবে মহকুমা ভিত্তিক কক্ষবরক দিবস-২০২৪ ও জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা। এ উপলক্ষে ঐদিন সকালে কুমারঘাটের নেতাজী চৌমুহনী থেকে জনজাতি বিভিন্ন সম্প্রদায়ের ছাত্রছাত্রীরা তাদের ঐতিহ্যবাহী পোষাক পরে এক বর্ণাত্য শোভাযাত্রায় মিলিত হবে। শোভাযাত্রা বিভিন্ন পথ পরিক্রমা করে মানসী মিলনায়তনে মিলিত হবে। সেখানে কক্ষবরক দিবস উদযাপন উপলক্ষে আলোচনাচক্র ও বিজু, গড়িয়া, হজাগিরি, চেরাও ইত্যাদি জনজাতি লোক নৃত্যের প্রতিযোগিতা আয়োজিত হবে। কুমারঘাট মহকুমার মহকুমা শাসক সুরত কুমার দাসের অফিস কক্ষে সম্প্রতি এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় পঁচারথল বিএস'র চেয়ারম্যান সজল চাকমা, সমাজসেবী পূর্ণমোহন দেববর্মা সহ বিভিন্ন বিদ্যালয়ের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*